ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৯৫
আগরতলা, ২৩ আগস্ট, ২০২৫

**মোহনপুরে আদালত ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী**
**রাজ্য সরকার সব দিক দিয়ে একটা সুন্দর রাজ্য আগামী প্রজন্মের জন্য উপহার দিতে চায়**

সরকার রাজ্যে সব ধরণের সুস্থ ব্যবস্থা সম্পন্ন একটা সুন্দর রাজ্য আগামী প্রজন্মের জন্য উপহার দিতে চায়। দেশের প্রধানমন্ত্রীর বিকশিত ভারত গঠনের সঙ্গী হয়ে আমরাও বিকশিত ত্রিপুরা গড়তে চাই। সেই দিশায় বর্তমান রাজ্য সরকার কাজ করে চলেছে। আজ মোহনপুর সাব ডিভিশনাল জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও সিভিল জজ জুনিয়ার ডিভিশনের নব নির্মিত আদালত ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই কথা বলেন। প্রদীপ প্রজ্জ্বলন করে এবং ফলকের আবরন উন্মোচন করে মুখ্যমন্ত্রী কোর্ট কম্প্লেক্সের উদ্বোধন করেন।

মুখ্যমন্ত্রী বলেন, শুধু মোহনপুর নয় রাজ্যের মানুষকে দ্রুত বিচার ব্যবস্থার সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্যে রাজ্যে ৮টি জেলা ডিস্ট্রিক কোর্টের পাশাপাশি বর্তমান রাজ্যে ১৬টি মহকুমায় মহকুমা কোর্ট রয়েছে। তিনি বলেন, গনতন্ত্রে বিচার ব্যবস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। স্বাধীন বিচার ব্যবস্থার প্রতি সম্মান জানিয়ে রাজ্য সরকার প্রয়োজনীয় বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা গড়ার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করে চলেছে। মহিলাদের ক্ষমতায়নের পাশাপাশি রাজ্যের আর্থিক সমৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। রাজ্য সরকার স্বচ্ছতার সাথে কাজ করছে বলেই রাজ্য উন্নয়নের পথে দ্রুত এগিয়ে চলেছে। রাজ্যসরকার সঠিক চিন্তাধারায় কাজ করছে বলেই বিভিন্ন জায়গায় উন্নয়নের জোয়ার এসেছে। গত কয়েক বছরে ত্রিপুরার আর্থিক বিকাশের হার উর্দ্ধমুখী। রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি ক্ষেত্রে পরিকাঠামোর ব্যাপক উন্নয়ন ঘটানো হচ্ছে। সরকার রাজ্যে প্রতিটি মানুষের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। ত্রিপুরা দেশের ছোট রাজ্যেগুলির মধ্যে একটি হলেও রাজ্যের মানুষের উন্নয়নে রাজ্য বাজেটের আকার ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন প্ল্যাটফর্মে রাজ্যের কাজের প্রশংসা হচ্ছে। রাজ্য প্রশাসন এবং জন প্রতিনিধিগণ একটি টিম হিসেবে কাজ করছে বলেই বিষয়টি সম্ভব হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, ভাল কিছু করে দেখানোর স্বপ্ন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবাইকে দেখাচ্ছেন। তার দেখানোর পথেই রাজ্য সরকার এগিয়ে চলেছে। বিবেকানন্দের মত মনিষীদের দেখানো পথকে পাথেয় করে উন্নত ত্রিপুরা গড়ার লক্ষ্যে রাজ্য সরকার এগিয়ে চলেছে। রাজ্যে বিচার ব্যবস্থার উন্নয়নে রাজ্য সরকার সব ধরণের সহযোগিতা করছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকারের এই সহযোগিতা ভবিষ্যৎতেও বজায় থাকবে। বিচার প্রার্থীরা যাতে দ্রুত ন্যায় বিচার পেতে পারেন সেই দিকে লক্ষ্য রাখার জন্য মুখ্যমন্ত্রী সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানিয়েছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সংসদ বিষয়ক মন্ত্রী রতনলাল নাথ বলেন, আজকের দিনটি মোহনপুরবাসীদের জন্য স্মরনীয় দিন। সুপ্রিম কোর্টের গাইড লাইন মেনে মোহনপুরে এই কোর্ট কমপ্লেক্সটি স্থাপন করা হয়েছে। তিনি বলেন, ভারতের সংবিধান ৪টি মূল স্তম্ভের উপর দাড়িয়ে রয়েছে। এই স্তম্ভগুলি শক্তিশালী থাকলে ভারত দ্রুত সামনের দিকে এগিয়ে যাবে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এম এস রামচন্দ্র রাও বলেন, বিচার ব্যবস্থার ক্ষেত্রে শুধুমাত্র পরিকাঠামোর উন্নয়নই নয় মানুষ যেন স্বচ্ছতার সঙ্গে দ্রুত ন্যয় বিচার পেতে পারেন সেই দিকেও লক্ষ্য রাখতে হবে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অমর নাথ গৌর। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম জেলা দায়রা আদালতের বিচারপতি এস শর্মা রায়। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন আইন দপ্তরের সচিব সঞ্জয় ভট্টাচার্য। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা, বিচারপতি এস দত্ত পুরকায়স্থ, বিচারপতি বি পালিত প্রমুখ।

*****